কালের কণ্ঠ

তারিখ ... 27 SEP 2016
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬

# চাঁদার দাবিতে স্কুল বন্ধের হোতা গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক ▷

ঘুষের দাবিতে দেড় মাস স্কুল বন্ধ করে দেওয়ার মামলায় ময়মনসিংহ জেলার ভালুকা থানার হবিরবাড়ী ইউনিয়ন পরিষদের ১ নম্বর ওয়ার্ডের সদস্য রফিকুল ইসলামকে গ্রেপ্তার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ ছাড়া দুর্নীতির মামলায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাসহ আরো দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। তাঁরা হলেন ফরিদপুর জেলার আলফাডাঙ্গা ইউনিয়ন ভূমি কার্যালয়ের ভূমি সহকারী কর্মকর্তা মো. আবুল বাশার শেখ ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ জিয়াউর রহমান হলের সিনিয়র অফিস সহকারী মো. খালেক হোসেন। গতকাল সোমবার এসব অভিযান চালানো হয় বলে জানিয়েছেন দুদকের জনসংযোগ কর্মকর্তা প্রণব কুমার ভট্টাচার্য।

রফিকুল ইসলামের বিরুদ্ধে হবিরবাড়ী গঙ্গাটিয়া ইড়ুকো শিক্ষালয়ের ভবন নির্মাণকাজ বন্ধ করে দিয়ে দুই লাখ টাকা ঘুষ আদায়ে চাপ সৃষ্টির অভিযোগ রয়েছে। এ কারণে স্কুলটির কার্যক্রম দেড় মাস বন্ধ থাকে। ফলে প্রায় ১৭৫ ছাত্রছাত্রী ক্লাস করতে পারেনি। প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত এ স্কুলটি একটি স্প্যানিশ এনজিও চালায়। তারাই স্কুল ভবন নির্মাণে অর্থ দিয়েছে। রফিকুলকে গ্রেপ্তারে নেতৃত্ব দেন দুদকের উপপরিচালক মো. রফিকুল ইসলাম।

সহকারী কমিশনারের (ভূমি) স্বাক্ষর ও সিল জাল করে প্রতারণার মামলায় ফরিদপুর জেলার আলফাডাঙ্গা ইউনিয়ন ভূমি কার্যালয়ের ভূমি সহকারী কর্মকর্তা মো. আবুল বাশার শেখকে গ্রেপ্তার করা হয়েছে। গত বছরের ২৫ জুলাই তাঁর বিরুদ্ধে ফরিদপুরে মামলাটি দায়ের হয়। দুদদের ফরিদপুর জেলা সমন্বিত কার্যালয় তাঁকে গ্রেপ্তার করে। ৯ লাখ টাকা ঘুষ নেওয়ার অভিযোগের মামলায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শহীদ জিয়াউর রহমান হলের সিনিয়র অফিস সহকারী মো. খালেক হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে।